5

দৈনিক ইনকিলাব

তারিখ JUL 26 1999
পৃঃ ৭ কলাম ৭

# ছাত্রদের যোগ্য নাগরিক হিসেবে গড়তে শিক্ষকদের আরো মনযোগী হতে হবে

## —প্রেসিডেন্ট

বাসস ঃ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের (এফবিইউটিএ) ১৩ সদস্যের একটি প্রতিনিধি দল গতকাল (রবিবার) বঙ্গভবনে প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সাথে সাক্ষাৎ করেন। সমিতির সভাপতি প্রফেসর জসিম উদ্দীন আহমদ প্রতিনিধি দলের নেতৃত্ব দেন। প্রতিনিধি দলের সদস্যরা এক স্মারকলিপিতে

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## প্রেসিডেন্ট

প্রথম পৃষ্ঠার পর

তাদের বেতন স্কেল ও পদমর্যাদা উন্নীত করার জন্য প্রেসিডেন্টের প্রতি আহবান জানান। স্মারকলিপিতে উল্লেখ করা হয় যে, ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ ফিরিয়ে আনার উপায় খুঁজে বের করার জন্য একটি সর্ব দলীয় সংসদীয় কমিটি গঠন করা যেতে পারে। ফেডারেশন এ ক্ষেত্রে পূর্ণস হযোগিতা প্রদান করবে।

প্রেসিডেন্ট ধৈর্য সহকারে তাদের কথা শোনেন। তিনি বলেন যে, জাতির যোগ্য নাগরিক হিসেবে ছাত্রদের গড়ে তোলার জন্য শিক্ষকদের পবিত্র দায়িত্বের ব্যাপারে তাদের আরো মনোযোগী হতে হবে। প্রতিনিধি দলের সদস্যদের মধ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সাধারণ সম্পাদক প্রফেসর ডঃ এ. এম ফারুক, প্রফেসর ডঃ এ এফ এম ইউসুফ হায়দার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ডঃ মোহাম্মদ হোসেন মনসুর, প্রফেসর মোহাম্মদ আবদুর রাজ্জাক আখন্দ, বুয়েটের ডঃ হাসির মোহাম্মদ আহসান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রফেসর শেখ মোহাম্মদ মঞ্জরুল হক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রফেসর সিদ্দিক আহমদ চৌধুরী, প্রফেসর গোলাম কিবরিয়া, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মোহাম্মদ আনোয়ারুল ইসলাম, ইসলামী বিশ্ববিদ্যালয়ের মোহাম্মদ সারোয়ার জাহান, তজাম্মেল হোসেন ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রফেসর আবদুল হালিম অন্তর্ভুক্ত ছিলেন।